Department of Social Services
Human Resources Administration
Department of Homeless Services



# CityFHEPS প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
## (গৃহহীন সেবা অধিদপ্তরের অধিবাসীদের জন্য বা মানব সম্পদ প্রশাসন আশ্রয়স্থল বা যারা স্ট্রীট গৃহহীন সম্মুখীন হয়েছেন)
## (Bengali)

এই নথিটি CityFHEPS প্রোগ্রাম সম্বন্ধে সাধারণ তথ্য প্রদান করে। এই তথ্যটি বর্তমানে আশ্রয়স্থল বা রাস্তার গৃহহীনতার সম্মুখীন হয়েছে এমন পরিবার এবং প্রথম বার CityFHEPS এর আবেদন করছেন তাদের জন্য। এটি CityFHEPS প্রোগ্রামের ক্রিয়াকলাপ সম্পর্কে সম্পূর্ণ বিবরণ প্রদানের উদ্দেশ্যে নয়।

**CityFHEPS কি?**

CityFHEPS হল একটি ভাড়া সহায়তা প্রোগ্রাম যা ব্যক্তি এবং পরিবারকে আবাস খুঁজে বের করতে এবং রাখতে সহায়তা করে। এটি সামাজিক পরিষেবাদি বিভাগ (Department of Social Services, DSS) দ্বারা পরিচালিত হয়, যাতে গৃহহীন পরিষেবাদি বিভাগ (Department of Homeless Services, DHS) এবং মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) উভয়ই অর্ন্তভুক্ত রয়েছে।

**যদি আমি একটি HRA বা DHS এর আশ্রয়ে থাকি তাহলে কি আমি CityFHEPS পেতে পারি?**

বর্তমানে আশ্রয়ে রয়েছে এমন প্রত্যেক ব্যক্তি বা পরিবার প্রকল্পের জন্য যোগ্যতা অর্জন করবে। আপনি যদি একটি DHS বা HRA আশ্রয়কেন্দ্র চলে যান, তাহলে আপনার পরিবারকে অবশ্যই গত বছরের মধ্যে যে কোনো সময়ে আপনি যে বাসভবনে চলে যাচ্ছেন সেখানে থাকতে হবে না।

CityFHEPS পাওয়ার জন্য, আপনার পরিবারকে অবশ্যই নির্দিষ্ট যোগ্যতা মানদণ্ড পূরণ করতে হবে:

a. মোট আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200% বা তার নিচে হতে হবে *,
b. নগদ সহায়তায় থাকা, যদি যোগ্য হন;
c. FHEPS সহ অন্য ভাড়া সহায়তা প্রকল্পের জন্য যোগ্য হবে না;

* আপনি যদি একজন একক প্রাপ্তবয়স্ক হন যিনি ন্যূনতম মজুরি উপার্জন করেন এবং প্রতি সপ্তাহে কমপক্ষে 35 ঘন্টা কাজ করেন, তাহলে আপনার মোট আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200% এর বেশি হতে পারে।

**এবং**

1. এটি অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলির মধ্যে **একটি** পূরণ করতে হবে:
   a. একটি DHS আশ্রয়কেন্দ্রে বসবাসকারী একটি পরিবার হতে হবে *; **অথবা**
   b. DHS আশ্রয়কেন্দ্রে বসবাসকারী একজন সিঙ্গেল প্রাপ্তবয়স্ক হন *;
   c. একটি HRA আশ্রয়কেন্দ্রে বসবাস করেন *;
   d. একটি DHS আশ্রয়কেন্দ্রে বসবাস করে এবং HRA আশ্রয়কেন্দ্রের জন্য যোগ্য *;

* আপনি যদি একটি DHS বা HRA আশ্রয়কেন্দ্র চলে যান, তাহলে আপনার পরিবারকে অবশ্যই গত বছরের মধ্যে যে কোনো সময়ে আপনি যে বাসভবনে চলে যাচ্ছেন সেখানে থাকতে হবে না।

**এবং**

**(পরের পাতায় যান)**

2. এটি নিম্নলিখিত অতিরিক্ত প্রয়োজনগুলির মধ্যে **একটি পূরণও** করে:
   a. পরিবারের মধ্যে একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হয়েছে যিনি গত 30 দিন ধরে প্রতি সপ্তাহে 10 ঘন্টা কাজ করছেন (ভর্তুকি সহ বা ভর্তুকিহীন);
   b. পরিবারের কোনও একজনের অক্ষমতা আছে (ফেডারেল অক্ষমতা সুবিধা পান বা চলমান নগদ সহায়তা পান এবং WeCARE SSI ট্র্যাকে আছেন);
   c. পরিবারের কোনও ব্যক্তি 60 বছর বা তার চেয়ে বেশী বয়সী;
   d. 18 বা তার বেশি বয়সী কাউকে নগদ সহায়তা কাজের প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়া হয়েছে কারণ পরিবারের প্রতিবন্ধী সদস্যের যত্ন নেওয়ার জন্য তাদের বাড়িতে থাকা প্রয়োজন;
   e. এই পরিবারে মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীতে কর্মরত ছিলেন এমন কেউ আছেন;
   f. এই পরিবার DHS আশ্রয়স্থলে থাকছে যা খুব তাড়াতাড়ি বন্ধ হয়ে যাবে;
   g. একটি CityFHEPS যোগ্যতা অর্জনকারী কর্মসূচি পরিবারটিকে রেফার করেছিল, এবং DSS নির্ধারণ করেছিল যে আশ্রয়কেন্দ্রে থাকার সময়কালকে সংক্ষিপ্ত করার জন্য CityFHEPS-এর প্রয়োজন ছিল। (যদি আপনি একটি DHS আশ্রয়স্থলে থাকেন এবং এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তাহলে আপনার কেস ম্যানেজার আপনার কেস রেকর্ডে একটি নোট দেখতে পাবে।)

আপনি যদি একটি DHS বা HRA আশ্রয়কেন্দ্র চলে যান, তাহলে আপনার পরিবারকে অবশ্যই গত বছরের মধ্যে যে কোনো সময়ে আপনি যে বাসভবনে চলে যাচ্ছেন সেখানে থাকতে হবে না। CityFHEPS এর বিষয়ে আপনার যদি কোনো প্রশ্ন থাকে এবং আপনি যদি উপযুক্ত হন তাহলে আপনার হাউজিং বিশেষজ্ঞ বা কেস ম্যানেজারের সাথে কথা বলা উচিত৷

**আমি যদি DHS আশ্রয়কেন্দ্রে থাকি তাহলে কি আমি আমার অ্যাপার্টমেন্টের জন্য আবেদন ফি প্রদানের ক্ষেত্রে সাহায্য পেতে পারি?**

আপনি যদি DHS আশ্রয়কেন্দ্রে থাকেন**,** আমরা আপনার অ্যাপার্টমেন্টের জন্য আবেদনের ফি পরিশোধ করব। আপনার এই সাহায্যের প্রয়োজন হলে আপনার কেস ম্যানেজারের সাথে কথা বলুন।

**যদি আমি গৃহহীন অবস্থায় রাস্তায় বসবাস করি তাহলে কি আমি CityFHEPS পেতে পারি?**

আপনি যদি রাস্তায় বসবাসকারী গৃহহীনতার সম্মুখীন হন, একটি ড্রপ-ইন সেন্টারে থাকেন, বা একটি স্থানান্তরকালীন আবাসন সুবিধায় থাকেন, তাহলে CityFHEPS-এর জন্য যোগ্য হওয়ার জন্য আপনাকে DHS দ্বারা চুক্তিবদ্ধ প্রদানকারীর কাছ থেকে পরিষেবা গ্রহণ করতে হবে। ড্রপ-ইন সেন্টার, ট্রানজিশনাল হাউজিং সেটিং, অথবা সরাসরি রাস্তার থেকে সরিয়ে দেওয়ার পর আপনি যদি একটি স্থায়ী গৃহে থাকেন তাহলেও আপনি CityFHEPS-এর জন্য যোগ্য হতে পারেন৷

আপনার এখনও অবশ্যই নিম্নলিখিত সাধারণ CityFHEPS যোগ্যতা মানদণ্ডগুলি পূরণ করতে হবে:

1. মোট আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200% বা তার নিচে হতে হবে*,
2. নগদ সহায়তায় থাকা, যদি যোগ্য হন;
3. অন্য ভাড়া সহায়তা প্রকল্পের জন্য যোগ্য হবে না;

* আপনি যদি একজন একক প্রাপ্তবয়স্ক হন যিনি ন্যূনতম মজুরি উপার্জন করেন এবং প্রতি সপ্তাহে কমপক্ষে 35 ঘন্টা কাজ করেন, তাহলে আপনার মোট আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200% এর বেশি হতে পারে।

CityFHEPS এর বিষয়ে আপনার যদি কোনো প্রশ্ন থাকে এবং আপনি যদি উপযুক্ত হন তাহলে আপনার হাউজিং বিশেষজ্ঞ বা কেস ম্যানেজারের সাথে কথা বলা উচিত৷

**(পরের পাতায় যান)**

**আমি CityFHEPS এর জন্য উপযুক্ত কিনা আমি তা কেমন করে জানব?**
আপনি যখন "শপিং লেটার" এবং "হাউজহোল্ড শেয়ার লেটার" পাবেন তখন আপনি জানবেন যে আপনি CityFHEPS এর জন্য যোগ্য হতে পারেন৷ এই লেটারগুলি DSS এর দ্বারা জারি করা হয়েছে এবং আপনার হাউজিং বিশেষজ্ঞ বা কেস ম্যানেজারের দ্বারা প্রদান করা হবে৷ আপনি একবার এই লেটারগুলি পেলে, আপনি বাড়ির জন্য সন্ধান করা শুরু করতে পারেন৷

আপনি বাড়ি খুঁজে পেলে আপনার হাউজিং বিশেষজ্ঞ বা কেস ম্যানেজারকে অবশ্যই তা জানাতে হবে৷ তারা প্রয়োজনীয় নথি জমা দিতে আপনাকে সহায়তা করবে সুতারং অপানি CityFHEPS এর জন্য উপযুক্ত কিনা এবং আপনার বাড়ি এই প্রোগ্রামের যোজ্য কিনা DSS তা নির্ধারণ করতে পারবে৷

**CityFHEPS পেতে আমাকে কি নগদ সহায়তা পেতে হবে?**
আপনার পরিবার যদি নগদ সহায়তার জন্য উপযুক্ত হয় তাহলে আপনাকে সেই সুবিধাগুলো গ্রহণ করতে হবে৷ অতিরিক্তভাবে, আপনার কেসে আপনার কাছে একটি "অনুমোদন" থাকবে না৷ একটি অনুমোদন হল যখন আপনি বা আপনার পরিবারের কেউ HRA নিয়মগুলো মেনে চলে না এবং আপনার পরিবার সুবিধাগুলো হারায়৷ যদি আপনার বা আপনার পরিবারের কারও কাছে একটি অনুমোদন থাকে তাহলে আপনি CityFHEPS পাওয়ার আগে এটি সঠিক করতে আপনাকে অবশ্যই DSS/HRA জব সেন্টারে যেতে হবে৷

**আমি কতদিন ধরে CityFHEPS পেতে পারি?**
CityFHEPS প্রোগ্রামটি সাধারণত "ভালোকারণ" এর জন্য অতিরিক্ত এক্সটেনশনগুলো সহ চার বার্ষিক পুনর্নবীকরণের জন্য সরবরাহ করে।

এই সর্বোচ্চ পাঁচ বছর, পরিবারের মধ্যে থাকা কোনো ব্যক্তির বয়স 60 বছর বা তার বেশি হলে, বা এমন একজন প্রাপ্তবয়স্ক অন্তর্ভুক্ত রয়েছে যিনি যুক্তরাষ্ট্রীয় অক্ষমতা সুবিধাগুলো গ্রহণ করে তাদের জন্য প্রযোজ্য নয়। পুনর্নবীকরণসমূহ যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ এবং তহবিল অব্যাহত প্রাপ্যতা পূর্ণ করতে পরিবার অব্যাহত রাখার বিষয়াধীন৷

**আমি কেনাকাটা এবং গৃহস্থালি শেয়ারের চিঠি দিয়ে কি করব?**
আপনি একবার DSS দ্বারা CityFHEPS পাওয়ার সম্ভাব্য যোগ্য বলে বিবেচিত হলে আপনার কেস ম্যানেজার বা হাউজিং বিশেষজ্ঞ আপনাকে দুটি নথি দেবে: একটি শপিং লেটার এবং একটি হাউজহোল্ড শেয়ার লেটার৷

এই লেটারটি পাওয়ার অর্থ এই নয় যে আপনি CityFHEPS এর জন্য নিশ্চিতরূপে উপযুক্ত৷ এর শুধু একটাই অর্থ হল আপনি CityFHEPS এর জন্য সম্ভাব্যরূপে উপযুক্ত৷ এই প্রোগ্রামের জন্য আপনার যোগ্যতা শুধুমাত্র তখনই নির্ধারণ করা হবে যদি আপনি কলিফায়িং অ্যাপার্টমেন্ট, এক শয্যা বিশিষ্ট (SRO) ইউনিট বা রুম খুঁজে পান এবং আপনার কেস ম্যানেজার বা হাউজিং বিশেষজ্ঞ DSS-এ প্রয়োজনীয় নথির একটি প্যাকেজ জমা দেয়৷

আপনি শপিং এবং হাউজহোল্ড শেয়ার লেটার পেলে, সেগুলো পর্যালোচনা করুন এবং সেগুলোর বিষয়ে আপনার কেস ম্যানেজার বা হাউজিং বিশেষজ্ঞের সাথে কথা বলুন৷ যদি এই লেটারে ব্যক্তিগত এবং আয়ের তথ্য সঠিক হয় তাহলে আপনার কেস ম্যানেজার বা হাউজিং বিশেষজ্ঞ আপনাকে স্থায়ী হাউজিং খুঁজে দিতে সহায়তা করা শুরু করবে৷

**(পরের পাতায় যান)**

**শপিং ও হাউসহোল্ড শেয়ার চিঠিগুলি নিয়ে আমি কী করব *(ক্রমশ)*?**
হাউজিং দেখা এবং সন্ধান করা আপনার দায়িত্ব। সন্ধান করার সময়, আপনার জন্য কি গুরুত্বপূর্ণ আপনার তা সঠিকভাবে বিবেচনা করা উচিত। উদাহরণস্বরূপ, আপনাকে আপনার পরিবার, স্কুল, ডাক্তার, ইত্যাদির কাছাকাছি থাকার প্রয়োজন হতে পারে।

**এই লেটারগুলো কিভাবে আমাকে হাউজিং খুঁজতে সহায়তা করে?**
আপনি যেমন হাউজিং এর জন্য সন্ধান করেন এবং বাড়ির মালিকের সাথে কথা বলেন, শপিং লেটার আপনার কাছে একজন গাইড হিসাবে পেশ করা হবে, আপনার সম্ভাব্য বাড়ির মালিক এবং আপনি কাজ করনে এমন যেকোনো ব্রোকারের সাথে।

শপিং লেটার আপনাকে, বাড়ির মালিক এবং/বা একজন ব্রোকারকে বলবে:

- আপনার পরিবারের আকার ও বাড়ির ধরনের (যেমন অ্যাপার্টমেন্ট, রুম, SRO) জন্য CityFHEPS এর অনুমোদন করা সর্বোচ্চ ভাড়ার পরিমাণ;
- কিছু আর্থিক ইনটেনসিভ যা DSS বাড়ির মালিক বা ব্রোকারকে অফার করতে পারে; *এবং*
- CityFHEPS এর উপযুক্ততার সহায়তার চালিয়ে যেতে বাড়িরমালিক বা ব্রোকারের থেকে যে ধরণের নথি প্রয়োজন হয়।

হাউজহোল্ড শেয়ার লেটার শুধুমাত্র **আপনার ব্যবহারের জন্য**। এটিকে বাড়িমালিক বা ব্রোকারদের সাথে ভাগ করা বোঝানো হয় **না**।

হাউজহোল্ড শেয়ার লেটার আপনাকে জানায়:

- আপনার সম্ভাব্য CityFHEPS রেন্টার সহায়তা সাপ্লিমেন্ট রাশি;
- আপনাকে কত টাকা দিতে হবে (আপনার "পরিবারের শেয়ার"); *এবং*
- আমরা CityFHEPS পাওয়ার সম্ভাব্য যোগ্যতার কারণ খুঁজে পেয়েছি।

এই লেটারটি পরিবারের আয় সম্পর্কিত তথ্যও জানায় যা আপনার এবং/বা আপনার পরিবারের জন্য DSS ফাইলটিতে আছে। এটি সঠিক কিনা তা নিশ্চিত করার জন্য আপনি এই তথ্যটি পর্যালোচনা করুন। আপনি CityFHEPS এর জন্য যোগ্য হিসাবে বিবেচিত হলে আপনি আপনার পরিবারের চূড়ান্ত শেয়ার সহ DSS থেকে একটি চিঠি পাবেন। আপনি যখন আপনার হাউজহোল্ড শেয়ার লেটার পেয়েছিলেন তার পরে আপনার তথ্য পরিবর্তিত হলে, আপনার অনুমোদনের চিঠিতে যে অর্থরাশির উল্লেখ আছে এবং আপনাকে যা প্রদান করতে হবে তা ভিন্ন হতে পারে। আপনার অনুমোদনের চিঠিতে সঠিক প্রদানযোগ্য অর্থরাশির উল্লেখ করা আছে।

**CityFHEPS ব্যবহার করে আমি কোন ধরণের বাড়ি ভাড়ায় নিতে পারি? আমি কোথায় CityFHEPS ব্যবহার করতে পারি?**
আপনি নিউ ইয়র্ক স্টেটের যে কোন জায়গায় একটি সম্পূর্ণ অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে CityFHEPS ব্যবহার করতে পারেন। এছাড়াও আপনি একটি অ্যাপার্টমেন্টে বা নিউ ইয়র্ক সিটির পাঁচ (5) বরোর মধ্যে অবস্থিত একটি SRO ইউনিটে একটি সিঙ্গেল ঘর ভাড়া নিতে CityFHEPS ব্যবহার করতে পারেন। এই নথিতে প্রদত্ত ভাড়া এবং ইউটিলিটি পরিমাণ শুধুমাত্র তখনই বৈধ যদি আপনি নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করেন। আপনি যদি নিউ ইয়র্ক সিটির বাইরে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অবস্থিত কোনো অ্যাপার্টমেন্টে যাওয়ার কথা ভাবেন, তাহলে দয়া করে DSS CityFHEPS এ https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page ওয়েবসাইটে রাজ্যব্যাপী টাকার পরিমান জানতে যান।

SRO ইউনিটগুলি শুধুমাত্র একজন প্রাপ্তবয়স্ক আছেন এমন পরিবারগুলোর জন্য উপলভ্য। CityFHEPS নিউ ইয়র্ক সিটির মধ্যে সর্বোচ্চ যে ভাড়া অনুমোদন করবে তা হল প্রতি মাসে $1,967।

একট সিঙ্গেল রুম দুই জন প্রাপ্তবয়স্কদের কোন পরিবারের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক সিটির মধ্যে সর্বোচ্চ ভাড়া যা CityFHEPS মঞ্জুর করবে তা হল প্রতি মাসে $1,100।

**(পরের পাতায় যান)**

**CityFHEPS ব্যবহার করে আমি কোন ধরণের বাড়ি ভাড়ায় নিতে পারি? আমি আমার CityFHEPS কোথায় ব্যবহার করতে পার *(ক্রমশ)*?**

অর্থপ্রদানের মান বলতে বোঝায় HRA মালিক বা বাড়িওয়ালাকে CityFHEPS ভাড়াটের পক্ষ থেকে যে সর্বোচ্চ পরিমাণ ভর্তুকি প্রদান করবে। HRA-র পেমেন্ট স্ট্যান্ডার্ডগুলি হলো নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) কর্তৃক গৃহীত বিভাগ 8 এর ভিত্তি করে নির্ধারিত।

বেডরুমের সংখ্যা এবং সমস্ত বা কিছু ইউটিলিটি অন্তর্ভুক্ত আছে কিনা সেই তথ্যের উপর ভিত্তি করে এই অর্থপ্রদানের মানগুলি ভিন্ন হয়। নিশ্চিত করুন যে, ভাড়ার মধ্যে ইউটিলিটি অন্তর্ভুক্ত থাকলে আপনি জানেন কোন কোন ইউটিলিটি অন্তর্ভুক্ত। নীচের টেবিলটি দেখায় যে বেডরুমের সংখ্যা এবং ভাড়ার মধ্যে যদি কোনও ইউটিলিটি অন্তর্ভুক্ত থাকে তাহলে সেগুলির প্রকারের উপর ভিত্তি করে, HRA সর্বোচ্চ কত অর্থপ্রদান করবে।

HRA সর্বাধিক যে সংখ্যক বেডরুমের জন্য ভর্তুকি দেবে তাও অর্থপ্রদানের মানে উল্লেখ করা হয়। পেমেন্ট স্ট্যান্ডার্ডগুলি শুধুমাত্র সহায়তা লাভকারী পরিবারে বসবাসকারী লোকের সংখ্যার উপর ভিত্তি করে ঠিক করা। HRA প্রতি দুই জন ব্যক্তির একটি বেডরুম/ঘুমানোর জায়গার জন্য অর্থ প্রদান করবে। উদাহরণস্বরূপ, যদি 3 জন লোক থাকে, তাহলে HRA 2 টি বেডরুমের অর্থ প্রদান করবে যার একটি ঘুমানোর জায়গায় 2 জন এবং অন্য একটিতে 1 জন থাকতে পারবে।

আপনি নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করলেই নীচের চার্টে থাকা পরিমাণগুলি বৈধ। আপনি যদি নিউ ইয়র্ক সিটির বাইরে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের মধ্যে অবস্থিত কোনো অ্যাপার্টমেন্টে যাওয়ার কথা ভাবেন, তাহলে দয়া করে DSS CityFHEPS এ https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page ওয়েবসাইটে রাজ্যব্যাপী টাকার পরিমান জানতে যান।

| পরিবারের আকার | বেডরুমের সংখ্যা | সমস্ত ইউটিলিটি অন্তর্ভুক্ত রয়েছে | রান্নার গ্যাস ও বিদ্যুৎ ছাড়া | শুধুমাত্র রান্নার গ্যাস সহ | শুধুমাত্র বিদ্যুৎ সহ | কোনো ইউটিলিটি অন্তর্ভুক্ত নেই |
|---|---|---|---|---|---|---|
| 1 | এক শয্যা বিশিষ্ট SRO | $1,967 | $1,868 | $1,893 | $1,942 | $1,783 |
| 1 | 0 (স্টুডিও) | $2,624 | $2,525 | $2,550 | $2,599 | $2,440 |
| 1 বা 2 | 1 | $2,696 | $2,584 | $2,612 | $2,668 | $2,484 |
| 3 বা 4 | 2 | $3,027 | $2,885 | $2,918 | $2,994 | $2,762 |
| 5 বা 6 | 3 | $3,777 | $3,606 | $3,643 | $3,740 | $3,464 |
| 7 বা 8 | 4 | $4,070 | $3,868 | $3,910 | $4,028 | $3,705 |
| 9 বা 10 | 5 | $4,680 | $4,448 | $4,494 | $4,634 | $4,263 |
| 11 বা 12 | 6 | $5,291 | $5,059 | $5,105 | $5,245 | $4,874 |
| 13 বা 14 | 7 | $5,901 | $5,669 | $5,715 | $5,855 | $5,484 |
| 15 বা 16 | 8 | $6,512 | $6,280 | $6,326 | $6,466 | $6,095 |
| 17 বা 18 | 9 | $7,122 | $6,890 | $6,936 | $7,076 | $6,705 |
| 19 বা 20 | 10 | $7,733 | $7,501 | $7,547 | $7,687 | $7,316 |

**(পরের পাতায় যান)**

**যদি আমি আমার শপিং লেটারে যা উল্লেখ আছে তার থেকে কম বেডরুম থাকা অ্যাপার্টমেন্ট খুঁজে পাই?**
HRA প্রকৃত ভাড়ার উপর ভিত্তি করে স্ট্যান্ডার্ড পরিশোধ করবে, শপিং লেটার হিসাবে নয়। উদাহরণস্বরূপ, যদি আপনার শপিং লেটারে উল্লেখ থাকে যে আপনি 3 টি বেডরুম থাকা একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে পারেন, কিন্তু যদি আপনি 2 টি বেডরুমের একটি অ্যাপার্টমেন্ট ভাড়া করেন, তাহলে আমরা 2 টি বেডরুম থাকা অ্যাপার্টমেন্টের জন্যই স্ট্যান্ডার্ড প্রদান করব। আপনি যে নির্দিষ্ট ইউনিটটি দেখছেন বা আপনি যে বিশেষ পরিস্থিতির সম্মুখীন হতে পারেন সে সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার কেস ম্যানেজারকে ইউনিটটিকে পর্যালোচনার জন্য বাড়ানোর জন্য বলুন।

**যদি আমি আমার শপিং লেটারে যা উল্লেখ আছে তার থেকে বেশি বেডরুম থাকা অ্যাপার্টমেন্ট খুঁজে পাই?**
HRA আপনার ঘরের সর্বাধিক ইউনিটের আকারের উপর ভিত্তি করে স্ট্যান্ডার্ড পরিশোধ করবে। উদাহরণস্বরূপ, যদি আপনার শপিং লেটারে বলা হয় যে আপনি 2 টি বেডরুমের একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে পারেন, আপনি 3 টি বেডরুমের একটি অ্যাপার্টমেন্টও ভাড়া নিতে পারেন যতক্ষণ না এটি 2 টি-বেডরুমের অ্যাপার্টমেন্টের জন্য অর্থপ্রদানের মান পূরণ করে (আপনি যদি নিউ ইয়র্ক সিটির মধ্যে অন্য কোথাও যান, তাহলে একটি 2-বেডরুমের অ্যাপার্টমেন্টের জন্য পেমেন্টের ম্যান হল $3,027)

**আমি যদি এমন একটি অ্যাপার্টমেন্ট খুঁজে পাই যেখানে ভাড়ার পরিমাণটি সমস্ত ইউটিলিটি সহ অ্যাপার্টমেন্টের মতো একই, কিন্তু ইউটিলিটিগুলি অন্তর্ভুক্ত নয়, তাহলে কী হবে? আমি কি ভাড়া কমানোর জন্য বাড়িওয়ালার সাথে চুক্তি করতে পারি এবং আমি পার্থক্যের অর্থরাশিটি পরিশোধ করতে পারি?**
বাড়িওয়ালা যদি ইউটিলিটি সরবরাহ না করে, তাহলে HRA ইউটিলিটি সহ অ্যাপার্টমেন্টের জন্য অর্থ প্রদান করবে না। কোন ইউটিলিটিগুলি প্রদান করা হচ্ছে, যদি কিছু থাকে, তা HRA-কে জানিয়ে, বাড়িওয়ালাদের অবশ্যই একটি ফর্ম পূরণ করতে হবে। এবং না, বাড়িওয়ালার সাথে সাইড ডিলের অনুমতি নেই।

**DSS-এর কি অ্যাপার্টমেন্ট/ইউনিটের জন্য অন্য কোনও আবশ্যকতা আছে?**
হ্যাঁ। ধারা 8-এর সদৃশভাবে, সমস্ত ভাড়াকে অবশ্যই একটি ভাড়ার যৌক্তিকতা পরীক্ষায় পাস করতে হবে, যার অর্থ হল চার্জ করা ভাড়ার পরিমাণটি আশেপাশের এলাকার অন্যান্য অনুরূপ ইউনিটের চেয়ে বেশি হতে পারে না। সমস্ত কাগজপত্র DSS-এর কাছে জমা দেওয়ার পরে ভাড়ার যৌক্তিকতা পরীক্ষা করা হবে।

**আমাকে কত ভাড়া প্রদান করতে হয় তা কি নির্ধারিত রয়েছে?**
আপনার প্রদান করা ভাড়ার পরিমাণ অনেকগুলি কারণের দ্বারা নির্ধারণ করা হয়। এটি আপনার পরিবারের আকার এবং পরিবারের প্রতিটি সদস্যের আয় অর্ন্তভুক্ত করে।

**CityFHEPS আমার বাড়ির মালিককে কত প্রদান করেছে আমাকে কত প্রদান করতে হবে আমি তা কি করে জানব?**
আপনি যদি CityFHEPS এর জন্য অনুমোদিত হন তাহলে আমরা আপনার বাড়িওয়ালার কত টাকা দেবে এবং আপনাকে কত টাকা দিতে হবে তা বিস্তারিতভাবে জানিয়ে আমরা আপনাকে একটি অনুমোদনের বিজ্ঞপ্তি পাঠাব।

**মাসিক অর্থপ্রদান কীভাবে কাজ করে?**
DSS আপনার ভাড়ার CityFHEPS অংশটির জন্য প্রতি মাসে আপনার বাড়িওয়ালাকে একটি চেক প্রদান করবে।

**(পরের পাতায় যান)**

**যদি আমার লীজে বলা থাকে যে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে সমস্ত ভাড়া পরিশোধ করতে হবে, নাহলে লেট ফী দিতে হবে?**
যতক্ষণ পর্যন্ত যে মাসে ভাড়া বকেয়া হয় সেই মাসেই অর্থপ্রদান করা হচ্ছে, ততক্ষণ সেটিকে দেরি হিসাবে বিবেচনা করা হয় না। কোনও বাড়িওয়ালা এরপরেও লেট ফী চার্জ করার চেষ্টা করতে পারেন, তবে শুধুমাত্র লেট ফী-এর জন্য আপনাকে উচ্ছেদ করা যাবে না।

**বাড়িওয়ালা কি লেট ফী-এর জন্য আমাকে আদালতে নিয়ে যেতে পারেন?**
বাড়িওয়ালা আপনাকে শুধুমাত্র লেট ফী-এর জন্য হাউজিং কোর্টে নিয়ে যেতে সফল হবেন না। ভাড়ার CityFHEPS অংশের জন্য চার্জ করা লেট ফী-এর জন্য বাড়িওয়ালা আপনাকে স্মল ক্লেইমস কোর্টেও নিয়ে যেতে পারবেন না। তবে, যদি আপনার অংশটি বিলম্বিত হয় এবং লেট ফী চার্জ করা হয়ে থাকে, তাহলে তারা আপনাকে স্মল ক্লেইমস কোর্টে নিয়ে যেতে পারেন। আপনার পরিবারের অংশটি পরিশোধ করতে আপনার যদি সমস্যা হয়, তাহলে কী কী সাহায্য পাওয়া যেতে পারে তা দেখতে Homebase-এর সাথে যোগাযোগ করুন। আপনার কাছাকাছি Homebase-এর অবস্থান খুঁজে পেতে **311** এ কল করুন।

**আমি যতদিন CityFHEPS পাব ততদিন পর্যন্ত আমার কি একই আবাসনে থাকার অধিকার আছে?**
সাধারণত, আপনি একটি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে থাকলে, আপনি আপনার ইউনিটে থাকতে পারেন। অন্যথায়, আপনার ইউনিটে থাকার অধিকার আপনার লীজের শর্তের উপর নির্ভর করে।

**আমার আয়ের পরিবর্তন হলে ও আমি আমার প্রদেয় অংশ দিতে না পারলে কী করব?**
আপনার আয়ের নতুন নথি সংযুক্ত করে HRA-এর কাছে সংশোধনের অনুরোধ জমা দিতে পারেন। আপনি আপনার CityFHEPS ভাড়া সহায়তা সম্পূরক অর্থপরিমাণের পরিবর্তনের জন্য অনুরোধ অনলাইনে এখানে পেতে পারেন: https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page।

**আমার ভাড়া কখন বাড়বে?**
আপনি একটি ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে থাকলে, আপনার ভাড়া শুধুমাত্র প্রযোজ্য আইনকানুন অনুযায়ী বাড়বে। আপনি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে না থাকলে আপনার বাড়িওয়ালা লীজের নবীকরণের সময় আপনার ভাড়া পারেন। আপনি আপনার পুনর্নবীকরণে ভাড়া বৃদ্ধির পরিমাণ সহ একটি স্বাক্ষরিত লিজ জমা করতে পারেন অথবা আপনার CityFHEPS ভাড়া সহায়তা সম্পূরক অর্থ পরিমাণে পরিবর্তনের জন্য অনুরোধ অনলাইনে এখানে পেতে পারেন: https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page।

**(পরের পাতায় যান)**

**যদি আমার বাড়িমালিক বলে যে আমাকে অতিরিক্ত টাকা দিতে হবে তাহলে কি হবে?**

আপনার আশ্রয় ভাতা হ্রাস না হওয়া পর্যন্ত আপনার বাড়িওয়ালা আপনাকে আপনার পরিবারের জন্য নির্ধারণত অর্থের চেয়ে বেশি অর্থ প্রদান করার কথা বলবে না। যদি এরকম ঘটে তাহলে আপনাকে যত অর্থের পার্থক্য হবে তা প্রদান করতে হবে। আপনার বাড়িমালিক আপনাকে সিকিউরিটি ডিপোজিট প্রদান করতে বলতে পারবে না কারণ DSS সিকিউরিটির জন্য তাদেরকে একটি ভাউচার দেয়। আপনার বাড়িমালিক যদি আপনাকে আরও অর্থ প্রদান করতে বলে তাহলে অনুগ্রহ করে আপনার কেস ম্যানেজার বা হাউজিং বিশেষজ্ঞকে জানান।

**যদি বাড়িমালিক বলে তারা CityFHEPS নেয়নি সেক্ষেত্রে কি হবে?**

বাড়িমালিক/ব্রোকাররা আপনাকে ভাড়া দেওয়ার বিষয়টিকে অস্বীকার করতে পারবে না কারণ আপনি CityFHEPS পেয়েছেন। এটিকে "আয়ের উত্স" এর বৈষম্য বলা হয় এবং এটি নিউ ইয়র্ক সিটিতে বেআইনী। আপনি CityFHEPS পান বলে যদি একজন বাড়িওয়ালা আপনাকে ভাড়া দিতে অস্বীকার করেন, তাহলে অনুগ্রহ করে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন (Commission on Human Rights)-এ কল করুন।

**আমার সাহায্যের প্রয়োজন হলে বা CityFHEPS সম্পর্কে আমার কোনও প্রশ্ন থাকলে আমি কাকে কল করব?**

আপনার যে কোনো প্রশ্ন থাকলে প্রথমে আপনার কেস ম্যানেজার বা হাউজিং স্পেশালিস্টের সাথে কথা বলা উচিত।

**আমার ভাড়া প্রদান করতে কোনো সমস্যা হলে বা আশ্রয় ত্যাগ করার পর আবাসন সম্পর্কিত অন্য কোনো সমস্যা হলে কী হবে?**

আপনি আশ্রয়কেন্দ্র ছেড়ে যাওয়ার পর, আপনি যদি NYC-তে থাকেন, তাহলে আফটার কেয়ার পরিষেবার জন্য আপনি Homebase-এর সাথে যোগাযোগ করতে পারেন। লীজের নবিকরণের সময় ভাড়া বেড়ে যাওয়া সহ, ভাড়া প্রদানে কোনো সমস্যা হলে অবিলম্বে তাদের সাথে যোগাযোগ করুন। আপনার নিকটবর্তী হোমেবেসের অবস্থান জানতে **311** নম্বরে বা আপনার নন-রেসিডেন্টিয়াল প্রোভাইডারকে ফোন করুন। আপনি যদি NYC-এর বাইরে থাকেন কিন্তু NYS-এর মধ্যে থাকেন, তাহলে অনুগ্রহ করে
718-557-1399 নম্বরে কল করুন।

**(পরের পাতায় যান)**

**আপনার জানা উচিত**

- একজন বাড়িওয়ালা বা ব্রোকার CityFHEPS গ্রহণ করা অস্বীকার করতে পারেন না। CityFHEPS গ্রহণ করতে অস্বীকার করলে NYC মানবাধিকার আইন বা NYS মানবাধিকার আইন এর অধীনে আয় বৈষম্যের উৎস হতে পারে।
- সাইড ডিল নিষিদ্ধ। সাইড ডিল হল যখন কোনো বাড়িওয়ালা বা ব্রোকার আপনাকে অতিরিক্ত অগ্রিম বা চলতে থাকা পেমেন্ট চান।
- যদি একজন বাড়িওয়ালা বা ব্রোকার CityFHEPS প্রত্যাখ্যান করেন বা আপনাকে একটি পার্শ্ব চুক্তির জন্য বলেন, তাহলে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন -এ কল করুন।
- HRA নিরাপত্তার ভাউচারটি নিরাপত্তার পেমেন্ট হিসাবে বিবেচিত হয়। একজন বাড়িমালিক বা ব্রোকারের আপনাকে সিকিউরিটির জন্য অতিরিক্ত অর্থ প্রদান করার কথা বলা উচিত নয়।
- ব্রোকারের আপনাকে অতিরিক্ত ব্রোকারি দেওয়ার কথা বলা উচিত নয় কারণ DSS আপনার ব্রোকারকে ব্রোকারি প্রদান করেছে।
- আপনার বাড়িমালিক আপনাকে একটি অন্য ইউনিটে সরে যাওয়ার জন্য জোর করতে পারে না।
- আপনি আপনার ওয়াকথ্রুতে যে ইউনিটটি দেখেছিলেন সেটি যদি আপনি প্রবেশ করার সময় একই না হয় তাহলে অবিলম্বে 212-416-0197 নম্বরে NYC মানবাধিকার কমিশন কে কল করুন।

*CityFHEPS এভাবে ফেডারেল আইনের ধারা 8-এর কর্মসূচির মতো, ফান্ডিংয়ের জন্য উপলভ্য, এটি সহায়তা প্রদান করে থাকে, যার অন্তর্ভুক্ত বাড়ির মালিক এবং ভাড়াটেদের কাছে ভাড়ার ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ আর্থিক সহায়তা, যারা একটি বাড়ির মালিক-ভাড়াটে সম্পর্ক স্থাপন করতে চায়। যেকোনো চুক্তিবদ্ধ সম্পর্ক সম্পূর্ণভাবে কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রতিটি ভাড়াটে এবং কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রতিটি ভাড়াটের বাড়ির মালিকদের মধ্যে হয়ে থাকে। যেকোনো চুক্তিবদ্ধ সম্পর্ক কেবলমাত্র কর্মসূচিতে প্রতিটি অংশগ্রহণকারী ভাড়াটে এবং কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রতিটি ভাড়াটের বাড়ির মালিকদের মধ্যে হয়ে থাকে।*